একজন মু’মিন তার মু’মিন ভাইয়ের আয়নাস্বরূপ

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ সনদে বর্ণিত, একজন মু’মিন তার মু’মিন
ভাইয়ের আয়নাস্বরূপ।
[হাদীসটির সনদ হাসান।] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

হাদীসটিতে চমৎকার নববী চরিত্রের বহিঃপ্রকাশ এবং অলঙ্কারিক সাদৃশ্য রয়েছে, যাতে অপর মুসলিমের প্রতি একজন মুসলিম ভাইয়ের অবস্থান কি হবে, তা তুলে ধরা হয়েছে এবং তার প্রতি কি দায়িত্ব তা নির্ধারণ করা হয়েছে। একজন মুসলিম তার ভাইকে সুন্দর চরিত্রের প্রতি পথ দেখাবে যাতে সে তা অবলম্বন করে এবং খারাব চরিত্র ধরিয়ে দেবে যাতে সে তা থেকে বেঁচে থাকে। সে তার জন্য কাঁচের আয়নার মতো, যার মধ্যে সে নিজেকে আসলরূপে দেখতে পায়। এ দ্বারা একজন মু’মিনের কল্যাণকামী হওয়া যে ওয়াজিব তাই বুঝানো হয়েছে। যখন সে তার ভাইয়ের কোনো দোষ ও ভুল-ভ্রান্তি সম্পর্কে অবগত হবে, তাকে তার ওপর সতর্ক করবে এবং তাকে তা থেকে সংশোধনের রাস্তা দেখাবে। তবে বিষয়টি যেন তাদের মধ্যেই সীমাবদ্ধ থাকে। কারণ, মানুষের সামনে সংশোধন করা তার জন্য অপমান।

http://sunnah.global/hadeeth/bn/show/5494